



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএন্ডআ/

তারিখ :

বিষয় : তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : (১) প্রধান শিক্ষক, শহীদ আবু তালেব উচ্চ বিদ্যালয় কর্তৃক জনাব এ.কে.এম. ওবায়দুল্লাহ-এর বিরুদ্ধে
আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঢাকা মহানগরীর পল্লবী থানাধীন শহীদ আবু তালেব উচ্চ বিদ্যালয়ের
সহকারী শিক্ষক জনাব এ.কে.এম. ওবায়দুল্লাহ-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা- এসেম্বিলিতে অনুপস্থিত থাকা,
দায়িত্বে অবহেলা, অসদাচরণ, ম্যানেজিং কমিটি নিয়ে সমালোচনা, বিদ্যালয়ের ভাবমূর্তি নিয়ে ষড়যন্ত্র, বিদ্যালয়ের
পরিপন্থি কাজ, শিক্ষক নিয়োগে নিয়োগ বোর্ড গঠন না করা, নিয়োগ বন্ধের ষড়যন্ত্র, বিদ্যালয়ের অভ্যন্তরীন তথ্য
বাহিরে পাচার, বিদ্যালয়ের পরিপন্থি ষড়যন্ত্রকারীদের সাথে জড়িত, সভাপতি পরিবর্তনের ষড়যন্ত্রের সাথে জড়িত,
শিক্ষক-ম্যানেজিং কমিটির মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টির ষড়যন্ত্র, পাঠদানে অক্ষম, দাতা সদস্য বাতিলের ষড়যন্ত্র,
এনটিআরসি-এ-তে ভুল তথ্য দেয়া ইত্যাদি অভিযোগের কারণে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্ত করা
হয়েছে।

এমতাবস্থায়, বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত
বিষয়াবলি এবং প্রতিষ্ঠানের সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য
আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো। বিষয়টি জরুরি বিধায় আপনার সহযোগিতা প্রয়োজন।

২। ঢাকা শিক্ষা বোর্ডের প্রচলিত বিধি মোতাবেক পরিদর্শন কর্মকর্তাকে টি/এ/ডি/এ প্রদান করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

প্রাপক : উপপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা অঞ্চল, ঢাকা।


মেমো নং- ১৯২৯(৪)

স্বাক্ষর
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

তারিখ : ২১/১১/১৯

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রধান শিক্ষক, শহীদ আবু তালেব উচ্চ বিদ্যালয়।
- ২। এ.কে.এম. ওবায়দুল্লাহ, সহকারী শিক্ষক (বরখাস্তকৃত), শহীদ আবু তালেব উচ্চ বিদ্যালয়।
- ৩। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। অফিস কপি।


বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

